



LIBERTY

JUSTICE

EQUALITY

CENTRE FOR PROTECTION OF DEMOCRATIC RIGHTS AND SECULARISM
(CPDRS)

WEST BENGAL STATE COMMITTEE

Office: 77/2, Lenin Sarani, Kolkata- 700 013

Mob: 9883717575, 8420094883

Email: cpdrs.india@gmail.com

এবিপি আনন্দের সাংবাদিক প্রকাশ সিনহার বাড়িতে পুলিশী তল্লাশির প্রতিবাদ জানিয়ে মানবাধিকার সংগঠন সিপিডিআরএস-এর রাজ্য সম্পাদক রাজকুমার বসাক আজ (০১.০৩.২০২৪) এক বিবৃতিতে বলেন,

"সংবাদমাধ্যম গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ হিসেবে সর্বজনস্বীকৃত। গণতন্ত্রের ধ্বজাধারী সমস্ত শাসকই কার্যক্ষেত্রে সংবাদমাধ্যমের স্বাধীনতাকে অস্বীকার করে। সারা দেশের মতো এ রাজ্যেও সাংবাদিকদের হেনস্থা ও নিগ্রহ দিনের পর দিন বেড়েই চলেছে। সাংবাদিক প্রকাশ সিনহার বাড়িতে ভোর বেলায় তাঁর অনুপস্থিতিতে কোনো নোটিশ ছাড়াই পুলিশের তল্লাশি, এর সাম্প্রতিকতম নিদর্শন। আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস এই ঘটনার তীব্র নিন্দা জানাই। তল্লাশির পর পুলিশ প্রকাশ সিনহার বাড়ি থেকে কিছু না পেয়ে পেন ড্রাইভ ও ল্যাপটপের 'ডেটা ট্রান্সফার' করে নিয়ে গেছে। এই ঘটনা সংবিধানপ্রদত্ত নাগরিকের ব্যক্তিগত গোপনীয়তার মৌলিক অধিকারকে লঙ্ঘন করে। সুপ্রিম কোর্ট বহু জাজমেন্টে এই অধিকার রক্ষার কথা বারবার উল্লেখ করেছে।

সম্প্রতি সন্দেহখালিতে কর্তব্যরত অবস্থায় এক সাংবাদিককে গ্রেফতার করেছিল পুলিশ। কিছুদিন আগে শাসকবিরোধী খবর করার অপরাধে খড়গপুরেও এক সাংবাদিক গ্রেফতার হন। প্রকৃতপক্ষে, অপছন্দের সংবাদমাধ্যম তথা সাংবাদিকে বশে রাখতে হিংস্রতার পথ নেওয়া, এক মারাত্মক প্রবণতা।

আমরা সিপিডিআরএস সংগঠন, মানবাধিকার বিরোধী এই ধ্বংসাত্মক প্রবণতার বিরুদ্ধে গণতান্ত্রিক চেতনাসম্পন্ন নাগরিকদের সোচ্চার হওয়ার আহ্বান জানাই এবং স্বচ্ছ ও নিরপেক্ষ বিচার প্রক্রিয়ার মাধ্যমে সাংবাদিক হেনস্থায় অভিযুক্ত পুলিশ অফিসারদের শাস্তির দাবি জানাই।"